গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নং-১৩.০১.৬৭০০.০০০.৬৮.০০৩.২৩.২৭৪

তারিখঃ ০৮ ফাল্গুন ১৪৩০
২১ ফেব্রুয়ারি ২০২৪

# পরিপত্র

**বিষয়ঃ রাইস মিল (অটোমেটিক ও হাস্কিং) থেকে পাইকারি ও খুচরা পর্যায়ে সরবরাহকৃত চালের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং "উৎপাদন ও সরবরাহ" মূল্য অবহিতকরণ সংক্রান্ত।**

সম্প্রতি দেশের চাল উৎপাদনকারী কয়েকটি জেলায় পরিদর্শন করে নিশ্চিত হওয়া গেছে যে, বাজারে একই জাতের ধান হতে উৎপাদিত চাল ভিন্ন ভিন্ন নামে ও দামে বিক্রি হচ্ছে। চালের দাম অযৌক্তিক পর্যায়ে গেলে বা অকস্মাৎ বৃদ্ধি পেলে মিলার, পাইকারি বিক্রেতা, খুচরা বিক্রেতা একে অপরকে দোষারোপ করছেন। এতে ভোক্তাগণ ন্যায্যমূল্যে পছন্দমত জাতের ধান, চাল কিনতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন এবং অনেক ক্ষেত্রে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। এ অবস্থার উত্তরণের লক্ষ্যে চালের বাজার মূল্য সহনশীল ও যৌক্তিক পর্যায়ে রাখতে, ধানের নামেই যাতে চাল বাজারজাতকরণ করা হয় তা নিশ্চিত করার উদ্দেশ্যে এবং এ সংক্রান্ত কার্যক্রম মনিটরিং এর সুবিধার্থে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। চালের উৎপাদনকারী মিলারগণ গুদাম হতে বাণিজ্যিক কাজে চাল সরবরাহের প্রাক্কালে চালের বস্তার উপর উৎপাদনকারী মিলের নাম, জেলা ও উপজেলার নাম, উৎপাদনের তারিখ, মিল গেট মূল্য এবং ধান/চালের জাত (variety) উল্লেখ করতে হবে। এই তথ্যগুলো নিম্নোক্ত নমুনা মোতাবেক লেখা থাকবে:

| | |
|---|---|
| **ধানের জাতের নাম:** | |
| **প্রস্তুককারক:** | |
| **ঠিকানা:** | **উপজেলা:** |
| **জেলা:** | |
| **নিট ওজন:** | |
| **উৎপাদনের তারিখ:** | |
| **মিল গেট মূল্য:** | |

২। বস্তার উপর উল্লিখিত তথ্যাদি কালি দ্বারা হাত দিয়ে লেখা যাবে না;

৩। চাল উৎপাদনকারী সকল মিল মালিক (অটো/হাস্কিং) কর্তৃক সরবরাহকৃত সকল প্রকার চালের বস্তা/প্যাকেটের (৫০/২৫/১০/৫/২/১ কেজি ইত্যাদি) উপর উল্লিখিত তথ্যাদি মুদ্রিত করতে হবে;

৪। কর্পোরেট প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নির্দেশনা প্রতিপালন করতে হবে। এ ক্ষেত্রে মিল গেট দামের পাশাপাশি প্রতিষ্ঠান চাইলে সর্বোচ্চ খুচরা মূল্য উল্লেখ করতে পারবে;

৫। এ পরিপত্রের আলোকে সকল জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/খাদ্য পরিদর্শকগণ পরিদর্শনকালে এ বিষয়টি নিশ্চিত করবেন। এর ব্যত্যয় ঘটলে খাদ্যদ্রব্য উৎপাদন, মজুত, স্থানান্তর, পরিবহণ, সরবরাহ, বিতরণ, বিপণন (ক্ষতিকর কার্যক্রম প্রতিরোধ) আইন, ২০২৩' এর ধারা ৬ ও ধারা ৭ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৬। আগামী ১৪.০৪.২০২৪ খ্রি. (০১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ) তারিখ হতে এ পরিপত্রের নির্দেশ আবশ্যিকভাবে প্রতিপালন করতে হবে।

মূল পরিপত্র দেখতে QR Code Scan করুন।

স্বাক্ষরিত/-
২১-০২-২০২৪
মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব
ফোন: +৮৮০২৫৫১০০০৮৮
ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

প্রচারে:

**উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সদর, ময়মনসিংহ।**

প্রয়োজনে : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ- ০১৭১০৫৪৪৩১৭, ০২৯৯৬৬৬৭১৪৮।